ইত্তেফাক

তারিখ 29/5/79
পৃষ্ঠা কলাম



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ফার্মেসী কাউন্সিল অব বাংলাদেশ

৯, হাটখোলা রোড
ঢাকা-৩

নং -এফ, ৫·১০/৭৪ পিসিবি। তারিখ ঃ ১৯শে মে, ১৯৭৯

## ভর্তির বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে জানানো যাইতেছে যে, তিনমাস মেয়াদী ফার্মেসী সার্টিফিকেট কোর্সে ভর্তি হইতে ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। এই কোর্স ঢাকা, স্যার সলিমুল্লাহ, রাজশাহী, ময়মনসিংহ, সিলেট, রংপুর, চিটাগাং ও বরিশাল মেডিক্যাল কলেজসমূহ এবং ঢাকা ও রাজশাহী প্যারা মেডিক্যাল ইন্সটিটিউটে ১লা জুলাই, ১৯৭৯ তারিখ হইতে চালু হইবে। এই কোর্সে সাফল্যজনকভাবে উত্তীর্ণ প্রার্থিগণ ফার্মেসী কাউন্সিলের 'বি' রেজিষ্টারে নিয়মিতভাবে তালিকাভুক্ত হইয়া পেশাদার ফার্মাসিষ্ট হিসাবে রেজিষ্ট্রেশন পাইবেন। 'ফার্মেসী অর্ডিন্যান্স, ১৯৭৬' মোতাবেক রেজিষ্টার্ড ফার্মাসিষ্ট ব্যতীত অন্য কেহ খুচরা ঔষধের দোকানে ঔষধ বিক্রয় করিতে পারিবে না।

<u>যাহারা ভর্তি হইবার যোগ্য ঃ</u>

১। অনুমোদিত ফার্মেসী ডিপ্লোমা বা কম্পাউণ্ডারশীপ পরীক্ষা পাস করা ব্যতীত যাহাদের ইতিপূর্বে 'বি' রেজিষ্টারে ফার্মেসী রেজিষ্ট্রেশন সাময়িকভাবে দেওয়া হইয়াছে বা যাহারা অনুরূপ রেজিষ্ট্রেশনের জন্য প্রার্থী। এই ক্ষেত্রে কোন অনুমোদিত ড্রাগ লাইসেন্সে ৩০·১১·৭৪ ইং তারিখের মধ্যে যোগ্য ব্যক্তিরূপে প্রার্থীর নাম থাকিতে হইবে।

অথবা

২। যাহারা কমপক্ষে দুই বৎসর যাবৎ কোন ড্রাগ লাইসেন্সপ্রাপ্ত ফার্মেসীর মালিক হিসাবে ফার্মেসী চালাইতেছেন।

প্রার্থীকে ফার্মেসী কাউন্সিলের নির্ধারিত ফরমে "ফার্মেসী কাউন্সিল অব বাংলাদেশ" এর অনুকূলে পাঁচশত টাকার ব্যাঙ্ক ড্রাফট অথবা পে অর্ডারসহ অবিলম্বে দরখাস্ত পেশ করার জন্য আহ্বান করা যাইতেছে।

কে, এম, আবদুস ছামাদ,
সেক্রেটারী,
ফার্মেসী কাউন্সিল অব বাংলাদেশ।

সি—৬১৬১